ভাতিজাকে নির্বাচনী মাঠ ছেড়ে দিলেন চাচা

সম্পর্কে চাচা ভাস্তে। তাই এবার ভাস্তেকে নির্বাচনী মাঠ ছেড়ে দিলাম। আজ রবিবার (২২ মে) দুপুরে আমঝুপি ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের সাধারণ সদস্য (মেম্বর) মনোনয়নপত্র প্রত্যাহার করতে এসে বললেন চাচা ইকরামুল হক।
আমঝুপি ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের মেম্বর প্রার্থী ছিলেন ইকরামুল হক ও মামাত ভাইয়ের ছেলে ওয়াহেদুজ্জামান।
আত্মীয়র মধ্যে দুজন প্রার্থী হওয়ায় সবাই অনুরোধ করেছে বসে যাওয়ার জন্য। তাই ভাস্তে ওয়াহেদুজ্জামানকে ভোট করার জন্য ছেড়ে দিতেই মনোনয়ন প্রত্যাহার করে নিয়েছেন তিনি।
উল্লেখ্য, আমঝুপি ইউনিয়নের ৭ নং ওয়ার্ডে মোট ৯ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছিলেন। এরা হলেন, ওয়াহেদুজ্জামান, শাকিরুল ইসলাম, মোহাম্মদ আব্দুল্লাহ, জাব্বারুল ইসলাম, তারিকুল ইসলাম, শাহ আলম, মাসুদ রানা ও আব্দুল বারী ও ইকরামুল হক। ইকরামুল হক মনোনয়নপত্র প্রত্যাহার করে নেওয়ায় ৮ জন প্রার্থী নির্বাচনী যুদ্ধে থাকলেন।
উল্লেখ্য, নির্বাচনে প্রার্থীতা প্রত্যাহারের শেষ দিন আগামী ২৫ মে। এছাড়া আমঝুপিসহ জেলার ৪ টি ইউনিয়ন পরিষদ নির্বাচন আগামী ১৫ জন অনুষ্ঠিত হবে।
আমঝুপি ইউনিয়ন পরিষদ নির্বাচনে সহকারী রিটার্নিং অফিসার আব্দুল আজিজ এ তথ্য নিশ্চিত করেছেন।

মুজিবনগরের ইউপি চেয়ারম্যান মিলুকে হেলিকপ্টারে করে নেয়া হলো ঢাকায়

মূমূর্ষ অবস্থায় উন্নত চিকিৎসা নিতে অবশেষে হেলিকপ্টারে করেই

ঢাকা ইউনাইটেড হাসপাতাল নেয়া হলো মহাজনপুর ইউনিয়নের একাধিকবার নির্বাচিত চেয়ারম্যান আমাম হোসেন মিলুকে।
আজ রবিবার (২২ মে) সকাল পৌণে ১০ টার সময় মেহেরপুর সরকারি হাইস্কুল মাঠ থেকে হেলিকপ্টার যোগে ঢাকার ইউনাইটেড হাসপাতালের উদ্যেশ্যে রওনা হন তিনি।
তার সাথে রয়েছেন স্ত্রী কল্পনা খাতুন ও ভাস্তে (ভাইয়ের ছেলে) জেলা ছাত্রলীগের সভাপতি আবদুস সালাম বাঁধন।
মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান আমাম হোসেন মিলু গতকাল শনিবার (২১ মে) দুপুরে হার্ট স্ট্রোক জনিত কারণে ২৫০ সয্যার মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি হন। মেহেরপুর জেনারেল হাসপাতালের কার্ডিয়াক ডাক্তার আব্দুর রশিদের নিবিড় পর্যবেক্ষণে চিকিৎসাধীন ছিলেন তিনি। চিকিৎসাধীন অবস্থায় তার অবস্থার আরও অবনতি হলে চিকিৎসকরা তাকে উন্নত চিকিৎসার জন্য হেলিকপ্টারে করে তাকে ঢাকায় নেয়া হয়। আলহাজ্ব আমাম হোসেন মিলুর সুস্থ্যতা ও রোগমুক্তির জন্য পরিবারের পক্ষ থেকে জেলাবাসির কাছে দোয়া চেয়েছেন তার পরিবারের লোকজন।

মেহেরপুরে রাতে যৌন নির্যাতনের কথা। সকালে মিলল ঝুলন্ত মরদেহ

শারীরিক ও বারবার যৌন নির্যাতনের চেষ্টা চালাচ্ছে দেবর। রাতে মায়ের কাছে মোবাইল ফোনে এমন কথা জানানোর পর সকালে ঘরের আড়ার সাথে মিললো প্রবাসীর স্ত্রী মলিনা আক্তারের (২৩) ঝুলন্ত মরদেহ।

মলিনা খাতুন মেহেরপুর সদর উপজেলার কুলবাড়িয়া গ্রামের রহিদুল ইসলামের মেয়ে ও একই উপজেলার আলমপুর গ্রামের প্রবাসী সন্টু মিয়ার স্ত্রী। সে এক সন্তানের জননী।

আজ শুক্রবার (২০ মে) সকাল ১০ টার দিকে তার ঘরের আড়া থেকে ঝুলন্ত

মরদেহ উদ্ধার করেন সদর থানা পুলিশ। মলিনা আক্তারের দুই বছর বয়সী সুমাইয়া খাতুন নামের একটি মেয়ে আছে।
মলিনা আক্তারের মামা জনিরুল ইসলম অভিযোগ করে বলেন, তার স্বামী সন্টু মিয়া প্রবাস জীবন যাপন করছেন। গতরাতে মলিনা আক্তার তার মাকে ফোন করে বলেছিল তার দেবর আলামিন শারীরিক সম্পর্ক স্থাপন না করতে পেয়ে আমাকে প্রায় দিন মারধর ও শারীরিক নির্যাতন করছে। আজ রাতেও সে আমাকে যৌণ নির্যাতনের চেষ্টা করেছে। আমাকে এখান থেকে নিয়ে যাও তোমরা।

রাতে কথা বলে সে ফোন রেখেছে। সকালে খবর পেলাম মলিনার মরদেহ ঝুলছে ঘরের আড়ার সাথে। পরে সদর থানা পুলিশকে খবর দিলে মরদেহ উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপতাল মর্গে নেন পুলিশ। মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা খান বলেন, নিহতের মরদেহ উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ময়না তদন্তের পর মত্যুর কারন জানা যাবে। তবে, এঘটনার পর মলিনার দেবর আলামিন হোসেন পলাতক রয়েছে।

মেহেরপুর প্রতিদিনের” অভ্যন্তরিন নিরীক্ষা ও অফিস পরিদর্শন করলেন

জেলার একমাত্র সরকারি মিডিয়া তালিকাভূক্ত দৈনিক “মেহেরপুর প্রতিদিনের” অভ্যন্তরিন নিরীক্ষা ও অফিস পরিদর্শন করেন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের পরিচালক (বিজ্ঞাপনও নিরীক্ষা) রোকসানা আক্তারের নেতৃত্বে একটি টিম।
আজ শুক্রবার (২০ মে) দিনব্যাপি মেহেরপুর প্রতিদিন কার্যালয়ে এসে বিভিন্ন খাতাপত্র নিরীক্ষা ও অফিস পরিদর্শন করেন তারা।
এসময় উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা) তৌফিকুল ইসলাম, ইন্সপেক্টর অ, ফ, ম মঈনুল ইসলাম ও অফিস সহকারী আবুল কালাম আজাদ উপস্থিত ছিলেন।
এদিকে অফিসে পৌছালে মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন,

ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু তাদের ফুলেল শুভেচ্ছা জানান। এসময় বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন, প্রতিবেদক সিরাজুদ্দোজা পাভেল, এস এ সাদিক, সাকিব হাসান রুদ্র ও অফিস সহকারী আসিফ ইকবাল শুভ উপস্থিত ছিলেন।
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের পরিচালক (বিজ্ঞাপনও নিরীক্ষা) রোকসানা আক্তার অফিস পরিদর্শনের সময় অফিস ব্যবস্থাপনা ও খাতা পত্র দেখে সন্তোষ প্রকাশ করেন। তিনি মেহেরপুর প্রতিদিনের সার্বিক মঙ্গল ও সফলতা কামনা করেন।

শেষ রক্ষা হলোনা গাংনীর সিহাবের

মামলা থেকে বাঁচতে গার্মেন্টস কর্মী হয়েছিলেন সিহাব। প্রায় ৫ মাস আগে পাড়ি জমিয়েছিলেন ঢাকাতে। ঢাকার একটি গার্মেন্টেস ফ্যাক্টরিতে চাকুরীও নিয়েছিলেন তিনি।
পুলিশের দায়ের করা করা একটি গাঁজা মামলায় গত বুধবার ১৮ মে মেহেরপুর কোর্টে হাজিরা দিতে বাড়ি এসেছিলেন তিনি।
কোর্টে হাজিরা দিয়ে গতকাল বৃহস্পতিবার দিবাগত রাতের দুরপাল্লার বাসে করে আবারও কর্মস্থলে ফিরছিলেন সিহাব। পথিমধ্যে কুষ্টিয়ার বারমাইল নামক স্থানে শ্যামলী পরিবহনের ওই বাসটি একটি ক্রেনের সাথে সংঘর্ষ হয়। এতে সিহাব হোসেন মারা যান।
শ্যামলী পরিবহন (এনআর) এর সুপারভাইজার আলমগীর জানান, বারমাইল তেল পাম্পের কাছে আসা মাত্রই বিপরীত থেকে আসা একটি ক্রেনের সাথে সরাসরি ধাক্কা লাগে। এতে মারা যায় সিহাব হোসেন নামের ওই যাত্রী। সিহাব হোসেন গাংনী উপজেলার রাধাগোবিন্দপুর ধলা গ্রামের সাইফুল ইসলামের ছেলে।
উল্লেখ্য, সিহাব হোসেন গাঁজাসহ পুলিশের হাতে ধরা পড়েছিল। এঘটনায় পুলিশ তার নামে মামলা দিয়ে জেল হাজতে প্রেরণ করে। পরে সে এলাকা ছেড়ে ঢাকায় গিয়ে একটি গার্মেন্টস কারখানায় চাকুরি নিয়ে প্রায় ৬ মাস ঢাকাতে বসবাস করছিলেন।

আবহমান বাংলার চিরায়ত রুপ

সারা বছর যারা রোদে পুড়ে, বৃষ্টিতে ভিজে. শক্ত হাতে লাঙ্গল ধরে কঠিন মাটির বুকে সোনার ফসল ফলায়। তারা আমাদের দেশের কৃষক। তাদের শ্রমে ও ঘামে মানুষের খাদ্য উৎপাদন হয়।
তাইতো কবি বলেছেন,
“গাহি তাহাদের গান,
ধরণীর হাতে দিল যারা আনি ফসলের ফরমান”
আবহমান বাংলার চিরায়ত রুপের এই ছবিটি মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার চোখতোলা মাঠ থেকে তোলা হয়েছে।
ছবি ও ক্যাপশন জুলফিকার আলী কানন

গাংনীতে জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে সাংস্কৃতি প্রতিযোগীতা

জাতীয় শিক্ষা সপ্তাহ-২২ উপলক্ষে বিভিন্ন বিষয়ে সাংস্কৃতি প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে।
আজ বুধবার (১৮ মে) সকাল ১০ টার সময় গাংনী অডিটরিয়ামে এ প্রতিযোগীতার আয়োজন করা হয়।
প্রতিযোগীতার উদ্বোধন করেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার।
প্রতিযোগীতার বিষয় ছিল কেরাত, হামদ নাত, বিতর্ক, রচনা, হাতের লেখা, কবিতা অঅবৃতি উপস্থিত বক্তৃতা, দেশাত্ববোধক গান, রবীন্দ্র সংগীত, নজরুল সংগীত, উচ্চাঙ্গ সংগীত, লোক সংগীত, জারী গাস, উচ্চা্গং নৃত্য ও লোক নৃত্য।
গাংনী মাধ্যমিক শিক্ষা অফিস জাতীয় শিক্ষা সপ্তাহ-২২ অঅয়োজন করে।

এসময় সহকারী মাধ্যমিক অফিসার মনিরুল ইসলাম,
অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সৈয়দ জাকির হোসেন, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক হাসান আল নুরানী, জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল করিমসহ বিভিন্ন স্কুলের শিক্ষক প্রতিনিধিবৃন্দ।
গাংনী উপজেলা সন্ধানী স্কুল এন্ড কলেজ, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়, গাংনী পাইলট স্কুল এন্ড কলেজ, প্রি-ক্যাডেট মাধ্যমিক বিদ্যালয়, বামন্দী নিশিপুর এন্ড কলেজ, বাওট সোলাইমানীয় মাধ্যমিক বিদ্যালয়, জেটিএস মাধ্যমিক বালিকা বিদ্যালয়, চিৎলা মাধ্যমিক বিদ্যালয়, জুগিন্দা মাধ্যমিক বিদ্যালয়, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়, সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা এসব প্রতিযোগীতায় অংশ নেন।
এসব অনুষ্ঠানে বিচারকের দায়ীত্বে পালন করেন বাংলাদেশ টেলিভিশন ও রাজশাহী বেতারের শিল্পী গোলাম আম্বিয়া, খুলনা বেতারের শিল্পী মাহবুবা আক্তার বিউটি, সাংবাদিক আমিরুল ইসলাম, ও মেহেরপুর প্রতিদিনের বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন।

মেহেরপুর পৌর সভায় আওয়ামীলীগের এক বিদ্রোহীসহ মেয়র পদে ৪ প্রার্থী

মেহেরপুর পৌর সভার মেয়র পদে আওয়ামীলীগের একজন বিদ্রোহীসহ ৪ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। এরা হলেন বর্তমান মেয়র ও আওয়ামীলীগ প্রার্থী মাহহফুজুর রহমান রিটন, বিদ্রোহী প্রার্থী জেলা স্বেচ্ছাসেবকলীগের আহবায়ক আরিফুল এনাম বকুল, স্বতন্ত্র প্রার্থী সাবেক মেয়র মোতাচ্ছিম বিল্লাহ মতু ও স্বতন্ত্র প্রার্থী কাওছার আলী।

এছাড়া সংরক্ষিত নারী কাউন্সিলর পদে ৩৫ জন ও সাধারণ কাউন্সিলর পদে ৪৬ প্রার্থী তাদের মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

অপরদিকে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি, বারাদী, পিরোজপুর ও শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে ২৬ জন, সংরক্ষিত নারী সদস্য পদে ৫৩ জন ও সাধারণ সদস্য (মেম্বর) পদের ১৯১ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন।

গতকাল মঙ্গলবার বিকাল ৫ টা পর্যন্ত ছিল মনোনয়ন সহকারী রিটার্নিং কর্মকর্তার কাছে এসব প্রার্থীরা স্ব স্ব কর্মী সমর্থকদের সাথে নিয়ে তাদের মনোনয়নপত্র জমা দেন।

মেহেরপুর জেলা নির্বাচন অফিসার আবু আনাসার এ তথ্য নিশ্চিত করেছেন। আগামী ১৫ জন মেহেরপুর পৌরসভাসহ এই চারটি ইউনিয়নের ভোট অনুষ্ঠিত হবে। তবে এই প্রথম নব গঠিত শ্যামপুর ও বারাদী ই্উনিয়ন পরিষদ নির্বাচন হবে।

মুজিবনগরে বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের প্রস্তুতি সভা

মুজিবনগরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টূর্নামেন্ট বালক (অনূর্ধ-১৭)২০২২ আয়োজন উপলক্ষে প্রস্তুতি সভা করেছে উপজেলা প্রশাসন।

মঙ্গলবার সকালে উপজেলা পরিষদ মিলনয়াতনে এ সভার আয়োজন করা হয়। উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাসের সভাপতিত্বে বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার।

উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান,এলজিইডি ইন্জিনিয়ার শাহীন আক্তার, সমাজসেবা অফিসার আব্দুর রব, মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, প্রাথমিক শিক্ষা অফিসার আলাউদ্দিন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার হারুন-অর-রশিদ, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম, উপজেলা

জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন,মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমান সহ উপজেলার সকল অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ ও সংবাদকর্মিরা উপস্থিত ছিলেন।

আগামী ২১ ও ২৩ মে দুই দিনব্যাপী টুর্নামেন্ট মুজিবনগর কমপ্লেক্স মাঠে অনুষ্ঠিত হবে।মুজিবনগর উপজেলার ৪ ইউনিয়নের অনূর্ধ-১৭ খেলোয়ার এই খেলায় অংশগ্রহন করতে পারবে।

গাংনীতে বড় ভাইকে হত্যার চেষ্টা ছোট ভাইয়ের

পারিবারিক কলহের জের ধরে বড় ভাইকে প্রকাশ্যে দিবালোকে গলাকেটে করে হত্যার চেষ্টা করেছে ছোট ভাই।
ঘটনাটি ঘটেছে গাংনী উপজেলার বাওট গ্রামের দাশপাড়া এলাকায় আজ মঙ্গলবার (১৭ মে) বেলা পৌণে একটার দিকে।
আহত জামাল উদ্দীন বাওট গ্রামের আব্দুল কুদ্দুছের ছেলে ও হত্যার চেষ্টা কারী তার ছোট ভাই আলমগীর হোসেন।
আহত জামাল উদ্দীনকে স্থানীয়রা উদ্ধার করে প্রথমে বামন্দীর একটি ক্লিনিকে ও পরে সেখান থেকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।
পরিবারের লোকজন জানান, পরিবারিক কলহের জের ধরে জামাল ও আলমগীরের স্ত্রীর মধ্যে ঝগড়া ঝাটি হয়। স্ত্রীদের মধ্যেকার ঝগড়া ঝাটি শেষ পর্যন্ত দুই ভাইয়ের মধ্যে গড়াই। পরে তারা সংঘর্ষে লিপ্ত হয়। এক পর্যায়ে ঘর থেকে ছুরি এনে বড় ভাইয়ে গলায় পোচ দেয় ছোট ভাই। এসময় সে ঠেকানোর চেষ্টা করলে হাতে, পিঠে ও শরীরের বিভিন্ন অংশে কুপিয়ে জখম করে পালিয়ে যায় সে।
স্থানীয় ইউপি সদস্য নিয়ামত আলী সত্যতা নিশ্চিত করে বলেছেন, আহত জামাল উদ্দীনকে উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হয়েছে।